

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩.অংশ-৩. ১৪২

তারিখ : ২০/০৫/২০১৭ খ্রিঃ

অফিস আদেশ

সম্প্রতি অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে বিভিন্ন সরঞ্জামাদি, কম্পিউটার ইত্যাদি চুরির প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। তদপ্রেক্ষিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশ প্রদান করা হলো। তার প্রতিষ্ঠানের নিরাপত্তা প্রহরীর ঘাটতি থাকলে সরকারী বিধি মোতাবেক সমস্বেলের অন্যান্য কর্মচারীকে নিরাপত্তার ডিউটি প্রদান করা যেতে পারে।

এছাড়াও প্রতিষ্ঠানের নিরাপত্তা ইনচার্জসহ সংশ্লিষ্ট বিভাগ/ শাখার সপ/ ল্যাবরেটরি/ অন্যান্য মালামালের দায়িত্বে নিয়োজিত ল্যাব ইনচার্জ, ক্রাফট ইনস্ট্রাক্টর (সপ/টিআর), টুলরুম এটেনডেন্ট, ওয়ার্কশপ খালাসী, ল্যাব সহকারী ও অন্যান্য সংশ্লিষ্ট কর্মচারীগণকে মালামাল সংরক্ষণ/নিরাপত্তার বিষয়ে অধিক গুরুত্ব আরোপের বিষয়ে নির্দেশনা প্রদান করতে হবে।

প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক নিরাপত্তাসহ সার্বিক নিরাপত্তা ব্যবস্থার বিষয়ে গৃহীত কার্যক্রম আগামী ০৩(তিন) কার্য দিবসের মধ্যে ভোকেশনাল শাখাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

(ড. মোঃ নূরুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা

- প্রাপকঃ ক) অধ্যক্ষ
ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
- খ) অধ্যক্ষ
টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
- গ) আঞ্চলিক পরিদর্শক
আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।
- ঘ) ইকুইপমেন্ট অফিসার
সেন্ট্রাল স্টোর-কাম-সার্ভিস ওয়ার্কশপ, পাঠানটুলী, নারায়নগঞ্জ।

অনুলিপি :

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন, ঢাকা।
{দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (কারিগরি)}
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।